

ডুয়েটের উপাচার্য হলেন অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), গাজীপুর-এর সপ্তম উপাচার্য হিসেবে আজ সোমবার বিকেলে (২১ অক্টোবর ২০২৪ খ্রি.) দায়িত্ব গ্রহণ করেন প্রকৌশল শিক্ষাবিদ অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন।

দায়িত্ব গ্রহণের পর তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় তিনি বলেন, ‘আমি প্রথমেই আল্লাহ তাআলার দরবারে শুকরিয়া আদায় করছি। আমি এ প্রতিষ্ঠানেরই একজন শিক্ষক। সকলের সহযোগিতা নিয়ে ডুয়েটকে শিক্ষা, গবেষণা এবং প্রকাশনায় বিশ্বের দরবারে অন্যতম প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলবো।’ এছাড়া তিনি ডুয়েটকে প্রকৌশল ও প্রযুক্তিগত শিক্ষা এবং গবেষণা ও প্রকাশনায় এগিয়ে নিয়ে যেতে সকলের সহযোগিতা কামনা করেন।

আজ রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব মোছা: রোখানা বেগম স্বাক্ষরিত উপাচার্য নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, তিনি চার বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হয়েছেন এবং বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন।

উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন ডুয়েটের যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক। তিনি একজন থার্মাল ইঞ্জিনিয়ারিং, ফুইড মেকানিক্স ও এনার্জি এবং রেফ্রিজারেশন ও এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং বিশেষজ্ঞ। এর আগে তিনি ডুয়েটের ডীন, বিভাগীয় প্রধান, পরিচালক, হলের দায়িত্বসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়-এর যন্ত্রকৌশল বিভাগ থেকে স্নাতক (ইঞ্জি.) ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তিনি জাপানের নাগোয়া ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে ২০১০ সালে থার্মো-ফুইড মেকানিক্স বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ২০১৬ সালে দক্ষিণ কোরিয়ার ইনছিয়ন ন্যাশনাল ইউনিভার্সিটি ও ২০১৫ সালে ইয়েনছেই ইউনিভার্সিটিতে পোস্টডক্টরাল রিসার্চ করেছেন। তাঁর ৭৫ টিরও অধিক জাতীয় ও আন্তর্জাতিক জার্নাল ও কনফারেন্স প্রোসিডিংস প্রকাশিত হয়েছে। তিনি বিএসসি, এমএসসি ও পিএইচডি পর্যায়ে ২৭০ জন শিক্ষার্থীকে সুপারভাইজ ও গাইড করেছেন। তিনি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন প্রকল্পে কারিগরি বিশেষজ্ঞ ও পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলার উত্তর ধুরুং ইউনিয়নে ১৯৭৪ সালে জন্মগ্রহণ করেন। তাঁর বাবা ফয়েজুল হোসাইন এবং মাতা মোছা. আনোয়ারা বেগম। ব্যক্তি জীবনে তিনি দুই সন্তানের জনক।

